

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হাসপাতাল ও ক্লিনিক শাখা  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/জাতীয় শোক দিবস/২০২২/১৭৭৫

তারিখ- ০৩/০৮/২০২২ইং

বিষয়ঃ ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মসূচি গ্রহণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, ৩১শে জুলাই ২০২২ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে মাননীয় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে একটি নীতি নির্ধারনী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যক্রম এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায় সংযুক্ত সভার কার্য বিবরণীর মর্মার্থ অনুযায়ী আপনার প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতদসঙ্গে একটি নমুনা ব্যানার সংযুক্ত করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ডাঃ মোঃ শফিউর রহমান

পরিচালক (ভারপ্রাপ্ত)

হাসপাতাল ও ক্লিনিকসমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**কার্যার্থেঃ**

- ১) পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ২) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ৩) পরিচালক, স্বাস্থ্য (সকল বিভাগ)।
- ৪) তত্ত্বাবধায়ক, জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল)।
- ৫) সিভিল সার্জন (সকল)।
- ৬) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল)।

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/জাতীয় শোক দিবস/২০২২/১৭৭৫/১(৭)

তারিখ- ০৩/০৮/২০২২ইং

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
- ২) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (দৃঃআঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।
- ৫) পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর।
- ৬) পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) অফিস কপি।

ডাঃ মোঃ শফিউর রহমান

পরিচালক (ভারপ্রাপ্ত)

হাসপাতাল ও ক্লিনিকসমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।



**বিষয়ঃ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম  
মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ ও সময়ঃ ৩১ জুলাই ২০২২ বিকাল ০৩:০০ ঘটিকা।

স্থানঃ সম্মেলন কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

মাধ্যমঃ ভার্চুয়াল প্ল্যাটফর্ম।


সভায় উপস্থিত সদস্যদের তালিকা পারিশিষ্ট “ক” তে সন্নিবেশিত।

**আলোচনাঃ**

সভার শুরুতে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ১৫ আগস্ট কাল রাতে শহীদদের আত্মার শান্তি কামনা করা হয়। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

- ১। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে প্রদানকৃত নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তর এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ কর্মসূচী গ্রহণ করবে।
- ২। সারাদেশে স্বাস্থ্য অধিদপ্তর এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ ১৫ আগস্ট উপলক্ষে এতদসঙ্গে সংযুক্ত ফরম্যাট এর ব্যানার ব্যবহার করবে।
- ৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ০৮ আগস্ট থেকে ১৫ আগস্ট সেবা সপ্তাহ পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা সপ্তাহের বিভিন্ন দিনের সেবা (যেমন কনসালটেন্টগণ কর্তৃক বহির্বিভাগে সেবা, এনসিডি সেবা, ANC ও PNC সেবা, পেডিয়াট্রিক ও জেরিয়াট্রিক সেবা, রক্তদান কর্মসূচী ইত্যাদি) সংশ্লিষ্ট হাসপাতাল প্রধান ঠিক করবেন। বিশেষায়িত হাসপাতালসমূহ তাদের বিশেষায়িত সেবার পরিধি বৃদ্ধি করবেন। এ কার্যক্রমে প্রচার প্রচারণার ব্যবস্থা করতে হবে।
- ৪। দেশের সকল পর্যায়ের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা সদর হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল একযোগে এই কর্মসূচী পালিত হবে।
- ৫। অপারেনাল প্ল্যানসমূহ নিজস্ব পরিকল্পনা ও কর্মপরিধি অনুযায়ী কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে কার্যক্রম গ্রহণ করবে।
- ৬। আলোচ্য বিষয়ে সার্বিক সমন্বয় কার্যক্রম পরিচালক হাসপাতাল ও ক্লিনিকসমূহ শাখা সম্পন্ন করবে। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এ বিষয়ে তদারকি ও তত্ত্বাবধান করবেন।



অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম  
মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

১৫ আগস্ট

জাতীয় শোক দিবস ২০২২

তুমি স্বাধীনতা,  
তুমিই বাংলাদেশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,  
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব  
ও ১৫ আগস্ট ১৯৭৫'র শহীদদের প্রতি

বিনম্র শ্রদ্ধা



স্বাস্থ্য অধিদপ্তর

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

১৫ আগস্ট

জাতীয় শোক দিবস ২০২২

তুমি স্বাধীনতা,  
তুমিই বাংলাদেশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,  
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব  
ও ১৫ আগস্ট ১৯৭৫'র শহীদদের প্রতি

বিনম্র শ্রদ্ধা



স্বাস্থ্য অধিদপ্তর

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়